

অতিরিক্ত সচিবের দপ্তর খাদ্য মন্ত্রণালয়	
<input checked="" type="checkbox"/> মুখ্য-সচিব (প্রশাসন)	
<input type="checkbox"/> মুখ্য-সচিব (সংস্কার)	
<input type="checkbox"/> উপসচিব (সংস্কার প্রশাসন)	
<input type="checkbox"/> উপসচিব (সেবা / জনসং)	
নং- ৩২	
তারিখ- ০৩/১২/১৯	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বিধি অধিশাখা  
www.cabinet.gov.bd

সচিবের দপ্তর খাদ্য মন্ত্রণালয়	
<input checked="" type="checkbox"/> অতিরিক্ত সচিব (প্রশাসন)	<input type="checkbox"/> মহা-পরিচালক, খাদ্য অধিদপ্তর
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (পরি: ও উন্ন:)	<input type="checkbox"/> মহা-পরিচালক, এফপিএমইউ
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (সং: ও সর:)	<input type="checkbox"/> চেয়ারম্যান, বা.নি.খা.ক.
<input type="checkbox"/> মুখ্য সচিব (বাজেট ও অডিট)	<input type="checkbox"/> আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর
<input type="checkbox"/> মুখ্য সচিব	<input type="checkbox"/> সচিবের একান্ত সচিব
নং- ২৪২	
তারিখ- ০২/১২/১৯	

নম্বর: ০৪.৪২৩.০২২.০২.০৬.০০১.২০১২.১৪১

তারিখ: ১৭ পৌষ ১৪২৪  
৩১ ডিসেম্বর ২০১৭

বিষয়: কর্মকর্তাদের অফিসে পরিষেয়া পোশাক সংক্রান্ত নির্দেশনা সংশোধন।

বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এয়ারকুলার সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার এবং আবহাওয়া অনুযায়ী অফিসে পোশাক পরিধান সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সর্বশেষ ১৩ মে ২০১৩ তারিখে একটি পরিপত্র জারি করা হয় (কপি সংযুক্ত)।

২। বর্ণিত পরিপত্রটির অধিকতর সংশোধনের, স্পষ্টীকরণের বা সময়সীমা বর্ধিতকরণের প্রয়োজনীয়তা আছে কিনা, এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে (এক পাতা)।

*(স্বাক্ষর)*  
৩১/১২/১৭  
(মোঃ নাজমুল হুদা সিদ্দিকী)  
উপসচিব  
ফোন: ৯৫৭৫৪৪৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

*(স্বাক্ষর)*  
৩১/১২/১৭

৫৭৫

পরিপত্র


বিষয়ঃ বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এয়ারকুলার সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার এবং আবহাওয়া অনুযায়ী পোশাক পরিধান সংক্রান্ত।

বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি-বেসরকারি সকল এয়ারকুলার সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত বিদ্যুৎ, ছালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ হতে ইতঃপূর্বে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে।

২। এ ছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ইতঃপূর্বে এ মর্মে পরিপত্র জারি করা হয়েছে যে, সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের সকল পুরুষ কর্মকর্তা মার্চ-নভেম্বর সময়ে আনুষ্ঠানিক বাধ্যবাধকতা না থাকলে স্যুট-টাই পরিধান না করে অফিসে প্যান্ট-শার্ট (অর্ধ/পুরা হাতা) পরিধান করবেন।

৩। লক্ষ্য করা যাচ্ছে যে, এয়ারকুলারের তাপমাত্রা সম্পর্কে সরকারি-বেসরকারি সকলের জন্য প্রযোজ্য উপর্যুক্ত সিদ্ধান্ত এবং গ্রীষ্মকালীন পোশাক সম্পর্কে সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য প্রযোজ্য উল্লিখিত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

৪। সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান কর্তৃক এয়ারকুলারের তাপমাত্রা ও গ্রীষ্মকালীন পোশাক সংক্রান্ত উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হল। এয়ারকুলারের তাপমাত্রা সংক্রান্ত সিদ্ধান্ত বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের মাধ্যমে বেসরকারি খাতকে অবহিতকরণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে এবং বেসরকারি স্বৈচ্ছাসেবী সংস্থাসমূহকে অবহিতকরণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরোকে অনুরোধ করা হল।

  
(মোহাম্মদ মোশাররাফ হোসাইন ডুইঞা)  
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)। তাঁর বিভাগের সকল জেলা প্রশাসককে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৫। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।
- ৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা। তাঁকে পরিপত্রটি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে জরুরি ভিত্তিতে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৭। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রিগণের একান্ত সচিব।
- ৯। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ১০। প্রোগ্রামার, মন্ত্রিপরিষদ বিভাগ। তাঁকে পরিপত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।